Bengali

# শিশুর বিকাশ সম্পর্কে দুশ্চিন্তার বিষয় আছে কি?

## জাপানে সন্তান লালন-পালনকারী পিতামাতাদের জন্য




প্রতিবন্ধী ব্যক্তিদের জাতীয় পুনর্বাসন কেন্দ্র

উন্নয়নমূলক ব্যাধি সম্পর্কিত তথ্য ও সহায়তা কেন্দ্র

http://www.rehab.go.jp/ddis/

# ভূমিকা

সাম্প্রতিক বছরগুলিতে, জাপানে সন্তান লালন-পালনকারী বিদেশী পিতামাতাদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

- ভিন্ন সংস্কৃতি এবং জীবনধারার এই দেশে, সন্তান লালন-পালন করতে যারা সমস্যার সম্মুখীন হচ্ছেন
- ভাষার প্রতিবন্ধকতার কারনে সন্তান লালন-পালনের জন্য প্রয়োজনীয় তথ্যাদি যারা সংগ্রহ করতে পারছেন না
- সন্তানের বিকাশ সম্পর্কে যারা চিন্তিত

এই পুস্তিকাটি, সেই সকল বিদেশী পিতামাতাদের সন্তান লালন-পালনে কিছুটা স্বাচ্ছন্দ্য দেবার জন্য তৈরি করা হয়েছে।

বিশেষ করে, সন্তানের বিকাশ সম্পর্কে যদি আপনি উদ্বিগ্ন হয়ে থাকেন, তবে কোথায় গিয়ে কার সাথে পরামর্শ করলে ভাল হবে, তা জানা না থাকলে আপনার বিচলিত হওয়ার সম্ভাবনা আছে, নয় কি?

জাপানের প্রতিটি অঞ্চলে, সন্তানের বিকাশ নিয়ে চিন্তিত পিতামাতাকে সহায়তা প্রদান করার জন্য নির্ধারিত প্রতিষ্ঠান (স্থান) রয়েছে।

এই পুস্তিকাটিতে সন্নিবেশিত তথ্য সমূহ বিদেশী পিতামাতাদের সন্তান লালন পালনের জন্য কিছুটা সহায়ক হলেও আমরা আনন্দিত হব।

প্রতিবন্ধী ব্যক্তিদের জাতীয় পুনর্বাসন কেন্দ্র
উন্নয়নমূলক ব্যাধি সম্পর্কিত তথ্য ও সহায়তা কেন্দ্র

# সূচীপত্র


সন্তানের বিকাশের অবস্থা সম্পর্কে জানতে চাই ..................... **3**

আপনার শিশুর আচরণের মধ্যে এই ধরণের কোন ভিন্নতা আছে কি? ..................... 3

৩ বছর পর্যন্ত ..................... 3

৩ বছর ~ ৬ বছর (প্রাথমিক স্কুলে ভর্তি) পর্যন্ত..................... 4

চলুন আমরা পৌরসভা কর্তৃক পরিচালিত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করি ..................... 5

৩ থেকে ৪ মাস বয়সী শিশুর স্বাস্থ্য পরীক্ষা ..................... 5

১ বছর ৬ মাস বয়সী শিশুর স্বাস্থ্য পরীক্ষা..................... 5

৩ বছর বয়সী শিশুর স্বাস্থ্য পরীক্ষা ..................... 6

স্কুলে ভর্তি হবার সময়কালীন স্বাস্থ্য পরীক্ষা ..................... 7

স্কুলে ভর্তি হবার পরামর্শ ..................... 7

[রেফারেন্স] বিশেষ সহায়তার প্রয়োজন এমন শিশুর জন্য শিক্ষা (বিশেষ সহায়তা শিক্ষা) ব্যবস্থা ..................... 8

পরামর্শ করতে চাই ..................... **9**

আসুন পরামর্শ করি ..................... 9

আপনার বসবাসকারী পৌরসভার পরামর্শ সংস্থা. ..................... 10

উন্নয়নমূলক ব্যাধি বলতে কি বুঝায়? ..................... **11**

উন্নয়নমূলক ব্যাধিযুক্ত ব্যক্তিদের জন্য সহায়তা আইন সম্পর্কে ..................... 12

উন্নয়নমূলক ব্যাধিযুক্ত ব্যক্তির সহায়তা কেন্দ্র সম্পর্কে ..................... 12

হাসপাতালে যেতে চাই ..................... **13**

হাসপাতাল সম্পর্কে, পরীক্ষা, স্বতন্ত্র থেরাপি ..................... 13

আপনার সন্তান উন্নয়নমূলক ব্যাধিতে আক্রান্ত হিসাবে নির্ণীত হলে ..................... 13

আরামদায়ক জীবন যাপনের জন্য ঔষধ ব্যবহার করা ..................... 14

অক্ষমতা সার্টিফিকেট সম্পর্কে জানতে চাই ..................... **15**

প্রদানকৃত সেবার উদাহরণ ..................... 15

পুনর্বাসন সার্টিফিকেট ..................... 16

মানসিক অক্ষমতা সার্টিফিকেট ..................... 16

**জীবন যাপনের জন্য দরকারি তথ্য পেতে চাই** (রেফারেন্স তথ্য) ..................... **17**

বিদেশী ভাষায় পরামর্শ সেবা ..................... 17

অনুবাদ অ্যাপ্লিকেশন ..................... 18

স্কুল শিক্ষা সম্পর্কিত তথ্য / উন্নয়নমূলক ব্যাধির সাথে সম্পর্কিত তথ্য ..................... 19

## আপনার শিশুর আচরণের মধ্যে এই ধরণের কোন ভিন্নতা আছে কি?

# ৩ বছর পর্যন্ত

- ভাষার বিকাশে বিলম্ব হচ্ছে।
- বলা বাক্যের মাঝে কিছু শব্দ উধাও হয়ে যায়।
- তার সাথে স্বাভাবিক কথোপকথন চালানো কঠিন অথবা করা হলেও তা একতরফা।
- সবসময় একই ধরনের খেলা করে।



- চোখে চোখ মেলায় না বা, তার সাথে চোখে চোখ মেলানো কঠিন।
- আলিঙ্গন করাকে অপছন্দ করে।
- মুখের অভিব্যক্তির পরিবর্তন হয় না।
- নাম ধরে ডাকলেও ফিরে তাকায় না।



- খুব বেশি অপছন্দের জিনিস বা স্থান ইত্যাদি আছে।
- একই কাজ, একই ভাবে করার ক্ষেত্রে নাছোড়বান্দা হয়।

- মাথা সোজা রাখা, বসা, হাটা ইত্যাদির মত সঞ্চালন উন্নয়নে (মোটর ডেভেলপমেন্ট) বিলম্ব হচ্ছে।
- পেশী নরম, সহজে কোনো দেহভঙ্গি ধরে রাখতে পারে না।



- অস্থির স্বভাবের।
- চারিদিকে বেশ ঘোরাঘুরি করে বলে, সবসময় নজর রাখতে হয়।
- খুব সহজেই মনোযোগ ভিন্নমুখী হয়ে যায়।

- সহজে রেগে যায়, সহজে শান্ত হয় না।
- প্রায়শই নিজেকে আঘাত করে।
  (নিজের মাথায় আঘাত করা, নিজের বাহুতে কামড় দেয়া ইত্যাদি)



- কয়েক মাস ধরে খুব কান্নাকাটি করে।
- দিনে ঘুমায় না। ঘুমাতে সমস্যা করে, বা ঘুমাতে লম্বা সময় নেয়।
- খাদ্য এবং পানীয়ের পছন্দ অপছন্দ (পক্ষপাতদুষ্ট খাদ্য) খুবই তীব্র।



- শব্দের দিকে ফিরে তাকায় না।
- শব্দের প্রতি খুব সংবেদনশীল (নিজে কান বন্ধ করে)।



# ৩ বছর ~ ৬ বছর (প্রাথমিক স্কুলে ভর্তি) পর্যন্ত



• অন্য শিশুদের প্রতি আগ্রহ নেই। অন্য শিশুদের সাথে খেলাধুলা করে না।

• পক্ষপাতদুষ্ট আগ্রহ ( নির্দিষ্ট কিছু রং, ট্রেডমার্ক, প্রতীক, অক্ষর, সংখ্যা ইত্যাদির প্রতি অতিরিক্ত আগ্রহ দেখায় ) ।

• একই প্রশ্নের বা একই বিষয়ের পুনরাবৃত্তি করে।

• প্রায়ই একা থাকে।



• নিয়ম বা প্রতিশ্রুতি সম্পর্কে যত্নবান নয়।

• একতরফাভাবে কথা বলা শুরু করে, বা ইচ্ছামত কথা শেষ করে।

• বন্ধুদের সাথে ভালভাবে খেলতে পারে না। হঠাৎ প্রচণ্ড রেগে যায়।

• অস্থিরভাবে চারপাশে ঘুরাঘুরি করে।

• ইচ্ছেমত নিজের পছন্দের জায়গার চলে যায়।

• কোন ব্যাখ্যা শেষ পর্যন্ত শুনে না।

• সাধারণ বা পারিপার্শ্বিক বিষয়বস্তু সম্পর্কে জানে না।

• অক্ষর এবং সংখ্যা ভালভাবে বুঝতে পারে না।

• খুব দক্ষ কিংবা খুব দুর্বল বিষয় রয়েছে।







• সবাই মিলে একসাথে কিছু করার সময়, অন্যান্য শিশুদের মত একইভাবে কাজ করতে পারে না।

• কোনো কিছুর প্রস্তুতি নেবার জন্য কিংবা পরিপাটি হবার জন্য বেশ সময় নেয়।

• ছবি আঁকা কিংবা কাঁচি ব্যবহারে দুর্বল।

• শরীর স্পর্শ করা অপছন্দ করে।

• টয়লেট কিংবা কাপড় পরিবর্তন – এ ধরনের দৈনিক অভ্যাস গড়ে তুলতে সময় লাগে।

## আপনি কি সন্তানের এই ধরনের আচরণ নিয়ে চিন্তিত? • • •

ক্ষেত্র বিশেষে অভিভাবকদের মধ্যে এধরনের সন্তানকে "সমস্যাগ্রস্ত শিশু" মনে করে হতাশ হওয়া, কিংবা "শিশু লালন-পালনে নিজের ব্যর্থতা" ভেবে শিশুপালনে আত্মবিশ্বাস হারিয়ে ফেলার মতো পরিস্থিতিও তৈরি হতে পারে। তবে এটা মনে রাখা জরুরি যে, শিশুর এধরনের আচরনের ভিন্নতা যেমন অস্থায়ী হতে পারে, তেমনি এটি শিশুর কোনো উন্নয়নমূলক (শারীরিক বা মানসিক) ব্যাধির প্রাথমিক লক্ষণও হতে পারে।

# চলুন আমরা পৌরসভা কর্তৃক পরিচালিত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করি




পৌরসভার সরকারি অফিসে বিনা মূল্যে শিশুদের স্বাস্থ্য পরীক্ষা (মেডিকেল চেকআপ) করা হয়।

আপনার সন্তানের স্বাস্থ্য এবং বিকাশের অবস্থা জানার এটি একটি গুরুত্বপূর্ণ সুযোগ। তাই অনুগ্রহ করে অবশ্যই এই পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

পৌরসভা উপর নির্ভর করে প্রতিটি স্বাস্থ্য পরীক্ষার সময় ভিন্ন হয়ে থাকে। স্থানীয় পৌরসভা অফিসে যোগাযোগ করে শিশুর স্বাস্থ্য পরীক্ষার সময় সূচি সম্পর্কে নিশ্চিত হোন।

## ৩ থেকে ৪ মাস বয়সী শিশুর স্বাস্থ্য পরীক্ষা



কখন? আপনার শিশুর বয়স ৩ থেকে ৪ মাস হবার সময়

কি করবেন?

- ডাক্তার শিশুকে পরীক্ষা করে পরামর্শ প্রদান করবেন।
- উচ্চতা এবং ওজন পরিমাপ করা হবে।
- স্বাস্থ্য পরিদর্শকের (নার্স) সাথে আপনার শিশু সম্পর্কিত উদ্বেগ (দুশ্চিন্তার বিষয়) নিয়ে পরামর্শ করতে পারবেন।
- পুষ্টি বিশেষজ্ঞ শিশুর খাদ্য সম্পর্কে আপনাকে অবহিত করবেন।

## ১ বছর ৬ মাস বয়সী শিশুর স্বাস্থ্য পরীক্ষা

কখন? আপনার সন্তানের বয়স ১ বছর ৬ মাস হবার পর থেকে শুরু করে ২ বছরে পূর্ণ হওয়া পর্যন্ত সময়



কি করবেন?

- ডাক্তার শিশুকে পরীক্ষা করে পরামর্শ প্রদান করবেন।
- একজন দাঁতের ডাক্তারও পরামর্শ প্রদান করবেন।
- উচ্চতা এবং ওজন পরিমাপ করা হবে।
- স্বাস্থ্য পরিদর্শকের (নার্স) সাথে আপনার শিশু সম্পর্কিত উদ্বেগ (দুশ্চিন্তার বিষয়) নিয়ে পরামর্শ করতে পারবেন।

## ৩ বছর বয়সী শিশুর স্বাস্থ্য পরীক্ষা

কখন? আপনার শিশুর বয়স ৩ বছর হবার পর থেকে শুরু করে ৪ বছরে পূর্ণ হওয়া পর্যন্ত সময়

কি করবেন?



- ডাক্তার শিশুকে পরীক্ষা করে পরামর্শ প্রদান করবেন।
- একজন দাঁতের ডাক্তারও পরামর্শ প্রদান করবেন।
- উচ্চতা এবং ওজন পরিমাপ করা হবে।
- প্রস্রাব পরীক্ষা করা হবে।
- দৃষ্টি এবং শ্রবণ শক্তি পরীক্ষা করা হবে।
- স্বাস্থ্য পরিদর্শক (নার্স), পুষ্টি বিশেষজ্ঞ, মনোবিজ্ঞানী ইত্যাদির নিকট থেকে পরামর্শ গ্রহণ করতে পারবেন।

<দৃষ্টি পরীক্ষা>

৬ বছর পর্যন্ত, দৃষ্টিশক্তির বিকাশ অব্যাহত থাকবে। যত তাড়াতাড়ি সম্ভব দৃষ্টিশক্তির অস্বাভাবিকতা বা ট্যারা চোখ (স্ট্রাবিসমাস) নির্ণয় করে চিকিত্সা করতে পারলে আরোগ্য লাভের আশা করা যায়।

<শ্রবণ পরীক্ষা>

শ্রবণের অস্বাভাবিকতা বা কানের রোগ নির্ণয় করার পরীক্ষা। কানে না শুনলে ভাষার উন্নয়নও বিলম্বিত হতে পারে। তাই যত তাড়াতাড়ি সম্ভব কানের রোগ নির্ণয় করাটা গুরুত্বপূর্ণ।

শিশুর এধরনের প্রতিটি স্বাস্থ্যসেবা নেবার বয়স সীমা নির্ধারণ করা আছে।
বিনামূল্যে এ সকল স্বাস্থ্য পরীক্ষা করা হয়।
নির্ধারিত দিনে স্বাস্থ্য পরীক্ষা করতে না পারলে, অফিসের ডেস্কে জিজ্ঞাসা করুন।



## স্কুলে ভর্তি হবার সময়কালীন স্বাস্থ্য পরীক্ষা

কখন? আপনার সন্তান প্রাথমিক স্কুলে ভর্তি হবার আগের বছরের সেপ্টেম্বর মাসের দিকে, পৌরসভার শিক্ষা বোর্ড থেকে বার্তা আসবে (এটা লক্ষনীয় যে, বিদেশী নাগরিকত্ব বা দেশহীন শিশুরা জাপানের প্রাথমিক স্কুল ভর্তি হতে চাইলে, সংশ্লিষ্ট পৌরসভার শিক্ষা বোর্ডের নিকট স্কুলে ভর্তি হবার জন্য আবেদন করতে হবে।)

কি করবেন? ভর্তির জন্য নির্ধারিত প্রাথমিক স্কুলে গিয়ে, স্কুলে ভর্তি হবার সময়কার স্বাস্থ্য পরীক্ষা করুন।

- ডাক্তার শিশুকে পরীক্ষা করে পরামর্শ প্রদান করবেন।
- একজন দাঁতের ডাক্তারও পরামর্শ প্রদান করবেন।
- উচ্চতা এবং ওজন পরিমাপ করা হবে।
- দৃষ্টি এবং শ্রবণ শক্তি পরীক্ষা করা হবে।
- একটি সহজ বুদ্ধিমত্তার পরীক্ষা করা হবে।



## স্কুলে ভর্তি হবার জন্য পরামর্শ

শিক্ষা বোর্ড বা শিক্ষা কেন্দ্র, প্রতিবন্ধী শিশু, প্রাথমিক স্কুলের জীবন নিয়ে উদ্বেগ আছে এমন শিশুদের জন্য পরামর্শ প্রদান করে। নার্সারী বা কিন্ডারগার্টেনের শিক্ষকগণও, শিক্ষা বোর্ডের নিকট পরামর্শ গ্রহণ করার জন্য সুপারিশ করে থাকে।

স্কুলে ভর্তির পরামর্শের জন্য রিজার্ভেশনের প্রয়োজন আছে। রিজার্ভেশন সম্পর্কে শিক্ষা বোর্ডের নিকট জিজ্ঞাসা করুন।

### ● প্রতিবন্ধী শিশুদের জন্য শিক্ষা

পিতামাতা এবং সন্তানের চিন্তাভাবনাকে সর্বোচ্চ সম্মান জানিয়ে, শিশুরা কোথায় শিক্ষা গ্রহণ করবে সেটি শিক্ষা বোর্ড নির্ধারণ করবে।

প্রাথমিক স্কুলে “বিশেষ সহায়ক শ্রেণীকক্ষ” বা “নিয়মিত শ্রেণীকক্ষ” রয়েছে।

গুরুতর প্রতিবন্ধী শিশুদের জন্য "বিশেষ সহায়ক স্কুল" রয়েছে।

“বিশেষ সহায়ক শ্রেণীকক্ষ” বা “বিশেষ সহায়ক স্কুল” পরিদর্শন করা যাবে। এ সম্পর্কে শিক্ষা বোর্ডের নিকট জিজ্ঞাসা করুন।

# [রেফারেন্স] বিশেষ সহায়তার প্রয়োজন এমন শিশুর জন্য শিক্ষা (বিশেষ সহায়তা শিক্ষা) ব্যবস্থা

## প্রাথমিক স্কুল / জুনিয়র হাই স্কুল

### নিয়মিত শ্রেণীকক্ষ

অন্যান্য শিক্ষার্থীদের সাথে পাঠগ্রহণের পাশাপাশি, বিশেষ সহায়তার প্রয়োজন এমন শিশুর জন্য সুনির্দিষ্ট বন্দোবস্ত এবং সুবিধা রয়েছে।

#### নিয়মিত ক্লাসের মাধ্যমে শিক্ষণ [নিয়মিত শ্রেণীকক্ষ]

অধিকাংশ পাঠ নিয়মিত শ্রেণীকক্ষে গ্রহণ করে, শুধুমাত্র একটি নির্দিষ্ট সময় (মাসে বা সপ্তাহে কয়েকবার) অন্য একটি শ্রেণীকক্ষে পাঠ গ্রহণ করবে।

শিশুর শিক্ষা ও জীবনের চ্যালেঞ্জ সম্পর্কে, ব্যক্তিগত সহায়তা গ্রহণ করা যাবে।

### বিশেষ সহায়ক শ্রেণীকক্ষ

কিছু সংখ্যক শিশুর শ্রেণীকক্ষ।

লক্ষ্যের শিশুদের প্রতিবন্ধকতা অনুযায়ী: দুর্বল দৃষ্টিশক্তি, বধিরতা, মানসিক প্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত / শারীরিক দুর্বলতা, অটিজম / মানসিক ব্যাধি এই ৬ ধরনের শ্রেণীকক্ষ রয়েছে।

স্কুলের উপর নির্ভর করে, স্থাপিত শ্রেণীকক্ষের ধরন এবং সংখ্যা ভিন্ন হয়ে থাকে।

"নিয়মিত শ্রেণীকক্ষ" বা "বিশেষ সহায়ক শ্রেণীকক্ষ" স্থাপন করা হয়নি, এমন স্কুলও রয়েছে।

## বিশেষ সহায়ক স্কুল

দৃষ্টি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত, মানসিক প্রতিবন্ধী শিশুদের জন্য স্কুল।

মানসিক প্রতিবন্ধী, অটিস্টিক স্পেকট্রাম ব্যাধির শিশুরা, "মানসিক প্রতিবন্ধীর বিশেষ সহায়ক স্কুলের" যোগ্য হবে।

"কিছু সংখ্যক শিশুর শ্রেণীকক্ষে", প্রতিবন্ধকতা অনুযায়ী বিশেষ শিক্ষা প্রদান করা হয়।





# আসুন পরামর্শ করি

শিশুদের বৈশিষ্ট্য এবং বিকাশ পদ্ধতি একে অপরের থেকে ভিন্ন হয়ে থাকে। তাই শিশুর ব্যাপারে উদ্বিগ্ন হলে যত তাড়াতাড়ি সম্ভব পরামর্শ করে, আপনার সন্তানের বৈশিষ্ট্যের সাথে মানানসই পদক্ষেপ গ্রহণ করুন।

- সন্তান লালন–পালনের সমস্যা কিংবা, সন্তানের বিকাশ সম্পর্কিত দু:চিন্তা ইত্যাদি নিয়ে, প্রথমে পৌরসভার স্বাস্থ্য পরিদর্শকের (নার্স) সাথে পরামর্শ করুন।
- নার্সারি বা কিন্ডারগার্টেনে যাতায়ত করে থাকলে, নার্সারি শিক্ষকের সাথে সন্তানের অবস্থা সম্পর্কে নিয়মিত আলোচনা করুন।
- পৌরসভার উপর নির্ভর করে, উন্নয়ন (বিকাশ) পরামর্শদাতার মাধ্যমে ব্যক্তিগত পরামর্শ এবং অন সাইট পরামর্শ প্রদান করা হয়।
- কিছু পৌরসভাতে, পিতামাতা এবং সন্তান একসাথে অংশগ্রহণ করার মাধ্যমে, সন্তান লালন–পালনে সহায়তা প্রদানকারী শ্রেণীকক্ষ স্থাপন করা হয়েছে।

  আপনার সন্তানের বিকাশের সাথে মানানসই জীবনযাপন এবং শিক্ষা পদ্ধতি বিষয়ক পরামর্শ গ্রহণ করা যাবে।

## নিম্নোক্ত কেন্দ্রগুলো থেকেও পরামর্শ গ্রহন করতে পারবেন।



- জনস্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য কেন্দ্র
- শিশু উন্নয়ন সহায়তা কেন্দ্র
- শিশু লালন-পালন সহায়তা কেন্দ্র



* পরামর্শ গ্রহণ করতে পারা ব্যক্তি / স্থান (ডেস্ক), পৌরসভা অনুযায়ী ভিন্ন হয়ে থাকে।

বিস্তারিত জানার জন্য স্বাস্থ্য পরিদর্শকের (নার্স) নিকট জিজ্ঞাসা করুন।

# আপনার বসবাসকারী পৌরসভার পরামর্শ সংস্থা

পৌরসভায়, বিভিন্ন ধরনের পরামর্শ ডেস্ক আছে।

আপনি সন্তানের জন্য উদ্বিগ্ন হলে পরামর্শ গ্রহণ করে দেখতে পারেন।

<table>
<tr><th rowspan="2">নাম</th><th>লক্ষ্যের ব্যক্তি</th><th>দিন / সময়</th><th>টেলিফোন নম্বর</th><th>অনুবাদ</th></tr>
<tr><th colspan="4">প্রদান করা পরামর্শের বিষয়বস্তু</th></tr>
<tr><td rowspan="2">ফর্ম পূরণ করার উদাহরণ<br>□শহর শিশু উন্নয়ন (বিকাশ) কেন্দ্র</td><td>১৮ বছরের কম বয়সী শিশু. পিতামাতা</td><td>সোমবার - শুক্রবার<br>সকাল ৯ টা ~ ১৭ টা<br>সরকারি ছুটির দিন</td><td>(04)<br>000-000</td><td>△ আংশিক সম্ভব<br>(○○ ভাষা)</td></tr>
<tr><td colspan="4">উদাহরণ) শিশুদের উন্নয়ন / বিকাশ সম্পর্কিত পরামর্শ, পরীক্ষা, গর্ভাবস্থা, শিশুর জন্ম, শিশুর লালন-পালন সম্পর্কিত পরামর্শ</td></tr>
<tr><td rowspan="2"></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2"></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2"></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2"></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2"></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2"></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2"></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4"></td></tr>
</table>

# উন্নয়নমূলক ব্যাধি বলতে কি বুঝায়?

“উন্নয়নমূলক ব্যাধি” মস্তিষ্কের ব্যবহারিক (ফাংশনাল) উন্নয়নের সাথে সম্পর্কিত। বেশিরভাগ ক্ষেত্রে এটি জন্মগত ব্যাধি। নীচের চিত্রটির ন্যায় বিভিন্ন ধরনের উন্নয়নমূলক ব্যাধি রয়েছে। একই ধরনের উন্নয়নমূলক ব্যাধির ক্ষেত্রেও বৈশিষ্ট্যের প্রকাশ ব্যক্তি বিশেষে ভিন্ন হয়ে থাকে। আবার, একাধিক উন্নয়নশীল ব্যাধিযুক্ত ব্যক্তিও থাকতে পারে।

বুদ্ধিবৃত্তিক উন্নয়ন কখনও কখনও বিলম্বিত হতে পারে

### পরিব্যাপক উন্নয়নমূলক ব্যাধি

(অটিস্টিক স্পেকট্রাম ব্যাধি ASD)

অটিস্টিক | অ্যাসপারগারের উপসর্গ

- ভাষার উন্নয়নে বিলম্ব
  (অ্যাসপারগারের উপসর্গের ক্ষেত্রে ভাষার বিলম্ব পরিলক্ষিত হয় না)
- যোগাযোগে সমস্যা
- পারস্পরিক সম্পর্ক / সামাজিকতার ক্ষেত্রে সমস্যা
- নির্দিষ্ট প্যাটার্নের কার্যকলাপ
  (পক্ষপাতদুষ্ট আগ্রহ, জেদ)
- অতিসংবেদনশীলতা, আবার অসংবেদনশীলতা, আনাড়ি

### Attention deficit hyperactivity disorder AD / HD

(মনোযোগের ঘাটতি / hyperactivity, মনোযোগের ঘাটতি / hyperactivity disorder)

- মনোনিবেশ করতে পারে না
- স্থির হয়ে বসে থাকতে পারে না।
- আবেগপ্রবণ হয়ে কাজ করে।

### শিখন প্রতিবন্ধিতা ব্যাধি LD

(নির্দিষ্ট শিখন ঘাটতি, নির্দিষ্ট শিখন ব্যাধি)

- সামগ্রিক বুদ্ধিবৃত্তিক উন্নয়ন বিলম্বিত না হলেও, পড়া, লেখা, অথবা গণনা করার কোন একটিতে খুবই দুর্বল।

* উপরন্তু, টরেট সিন্ড্রোম, তোতলামি বা স্ট্যামারিং উপসর্গ, উন্নয়ন সমন্বয় ব্যাধি ইত্যাদিও উন্নয়নমূলক ব্যাধি হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়।

### প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা আইনে উন্নয়নমূলক ব্যাধির সংজ্ঞা (২ অনুচ্ছেদ)

[উন্নয়নমূলক ব্যাধি বলতে, যে সকল ব্যক্তিদের (অটিজম, অ্যাসপারগারের উপসর্গ ও অন্যান্য পরিব্যাপক উন্নয়নমূলক ব্যাধি, শিখন প্রতিবন্ধিতা ব্যাধি, Attention deficit hyperactivity disorder ইত্যাদির মত মস্তিষ্কের ফাংশনের ব্যাধির কারণে, স্বাভাবিক কম বয়সে পরিলক্ষিত হওয়া ব্যাধি) থাকার ফলে, উন্নয়নমূলক ব্যাধি এবং সামাজিক বাধার কারণে দৈনন্দিন জীবন যাপন আবার সামাজিক জীবন যাপনে সীমাবদ্ধতার সম্মুখীন হতে হয় যে সকল ব্যক্তিদের] ICD－10 এর F80-98 তে অন্তর্ভুক্ত ব্যাধি

# প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা আইন সম্পর্কে




জাপানে “প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা আইন” নামক একটি আইন আছে। উন্নয়নমূলক ব্যাধি রয়েছে (শিশু থেকে শুরু করে প্রাপ্তবয়স্ক পর্যন্ত) এমন ব্যক্তিদের বা তাদের পরিবারকে সহায়তা করার জন্য এই আইন।

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা আইনের লক্ষ্য হল, উন্নয়নমূলক ব্যাধিযুক্ত শিশুদের সুস্থ্যভাবে বড় করে, তাদের পরিবার নিরাপদে শিশুদের লালন-পালন করতে পারে এমন একটি স্থানীয় সমাজ গড়ে তোলা।

# প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা কেন্দ্র সম্পর্কে

উন্নয়নমূলক ব্যাধিযুক্ত ব্যক্তি বা তাদের পরিবার যেন নিরাপদে জীবন যাপন করতে পারে, সেই সেবা প্রদানের জন্য, স্থানীয় এলাকায় বিভিন্ন পরামর্শ সংস্থা রয়েছে।

“প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা কেন্দ্র” প্রতিটি প্রিফেকচারে সহায়তা প্রদানের জন্য কেন্দ্রীয় ভূমিকা পালন করছে। প্রতিটি প্রিফেকচার এবং সরকারি মনোনীত শহরে এটি রয়েছে।

- দেশব্যাপী প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা কেন্দ্র সম্পর্কিত তথ্য নিচের হোমপেজে দেয়া আছে।

উন্নয়নমূলক ব্যাধি সম্পর্কিত তথ্য ও সহায়তা কেন্দ্র

http://www.rehab.go.jp/ddis/



[আপনার বসবাসকারী এলাকার প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা কেন্দ্র]

কেন্দ্রের নাম:

যোগাযোগের ঠিকানা:

তথয



# হাসপাতাল সম্পর্কে



বিশেষজ্ঞ চিকিৎসক (শিশু বিশেষজ্ঞ, শিশু মনোবিজ্ঞানী) উন্নয়নমূলক ব্যাধি নির্ণয় করবেন।

একজন চিকিৎসককে দেখাতে চাইলে, দয়া করে নিচের প্রস্তুতিগুলি নিন।

- বিশেষজ্ঞ চিকিৎসক রয়েছেন এমন হাসপাতাল নির্ধারণ করুন। পৌরসভার স্বাস্থ্য পরিদর্শক (নার্স) বা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা কেন্দ্র ইত্যাদির সাথে পরামর্শ করুন। (বেশিরভাগ হাসপাতালের ক্ষেত্রে অগ্রিম রিজার্ভেশনের প্রয়োজন আছে)।
- প্রথমবার চিকিৎসকের সাথে পরামর্শ করার সময়, স্বাস্থ্য বীমা কার্ড এবং মা এবং শিশু স্বাস্থ্য পুস্তিকা সাথে করে নিয়ে আসবেন।
- আপনার সন্তানকে নিয়ে দু:শ্চিন্তার বিষয় বা, বাড়ি এবং নার্সারি স্কুলের পরিস্থিতি সম্পর্কে, আগের থেকে গুছিয়ে লিখে রাখলে রোগের বর্ণনা করতে এবং পরামর্শ গ্রহন করতে সুবিধা হবে।



# পরীক্ষা, স্বতন্ত্র থেরাপি

প্রয়োজন হলে, হাসপাতালের বিশেষজ্ঞ কর্মীগণ কিছু পরীক্ষা করে স্বতন্ত্র থেরাপি পরিচালনা করবেন।

পরীক্ষার মধ্যে বুদ্ধিমত্তা / উন্নয়নমূলক পরীক্ষা, শ্রবণ পরীক্ষা, ইইজি (electroencephalogram) ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

স্বতন্ত্র থেরাপির মধ্যে ফিজিওথেরাপি, ওয়ার্ক থেরাপি, কথন ও শ্রবণ থেরাপি, মনোচিকিৎসা অন্তর্ভুক্ত রয়েছে।

আপনার সন্তানের সার্বিক অবস্থা বিবেচনা করে এই সকল পরীক্ষা এবং স্বতন্ত্র থেরাপি নির্ধারণ করা হবে।

# আপনার সন্তান উন্নয়নমূলক ব্যাধিতে আক্রান্ত হিসাবে নির্ণীত হলে・・・

আপনার সন্তানের উন্নয়নমূলক ব্যাধির নির্ণয় একটি দু:শ্চিন্তার বিষয়। তবে, পরিবেশের উন্নতি বা উপযুক্ত জীবনযাপন এবং শিক্ষা পদ্ধতি অবলম্বন করার মাধ্যমে, আপনার সন্তানের অবস্থা ক্রমান্বয়ে ভাল হতে থাকবে। ব্যবস্থা গ্রহণ সম্পর্কে, আপনার চিকিৎসক বা বিশেষজ্ঞ কর্মীর সাথে পরামর্শ করুন।



# আরামদায়ক জীবন যাপনের জন্য ঔষধ ব্যবহার করা

চিকিৎসক পরীক্ষা করার পর ঔষধের প্রয়োজন আছে বলে সিদ্ধান্ত নিলে, ঔষধ গ্রহণ করার পরামর্শ দেওয়া হয়। ঔষধের প্রভাব এবং পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে, আপনার দায়িত্বে থাকা চিকিৎসকের সাথে পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা করুন।

উন্নয়নমূলক ব্যাধিকে ঔষধ দিয়ে নিরাময় করা যায় না।

তবে উন্নয়নমূলক ব্যাধিযুক্ত শিশুদের সাধারণ উপসর্গগুলির মধ্যে, ঔষধ দিয়ে কিছুটা উপশম করার মত উপসর্গও রয়েছে।

## [প্রতিনিয়ত ব্যবহৃত ঔষধ]

| | |
|---|---|
| ● কেন্দ্রীয় স্নায়ু উদ্দীপক | Attention deficit hyperactivity disorder এর hyperkinesis, অমনোযোগিতা, আবেগপ্রবণতাকে হ্রাস করবে। |
| ● এন্টি এংজাইটি ড্রাগ | অস্বস্তিকর অনুভূতি হালকা করবে। |
| ● অ্যান্টিসাইকোটিক ড্রাগ | তীব্র উত্তেজনা বা বিভ্রম ইত্যাদিকে হালকা করবে। |
| ● অ্যান্টিপিলেপ্টিক ড্রাগ | মৃগীরোগীর খিঁচুনিকে দমন করবে। |
| ● ঘুমের ঔষধ | ঘুমের তালকে বিন্যস্ত করবে |




ঔষধের মাধ্যমে উপসর্গগুলোর উপশম হলে, শিশুরা সহজে আরো বেশি আরামদায়ক জীবন যাপন করতে সক্ষম হবে।

একটি নির্দিষ্ট সংখ্যা এবং পরিমাণের ঔষধ গ্রহণ করতে হবে।

☆ হাসপাতালের চিকিৎসক কিংবা বিশেষজ্ঞ কর্মীদের দেয়া ব্যাখ্যায়, কোন কিছু ভালভাবে বুঝতে না পারলে, বিনা সংকোচে প্রশ্ন করবেন।

☆ স্বাস্থ্য পরিদর্শক (নার্স) বা নার্সারি / কিন্ডারগার্টেনের শিক্ষক ইত্যাদিও আপনার শুভাকাঙ্ক্ষী, যাদের উপর আপনি নির্ভর করতে পারেন। আপনার সন্তানের অবস্থা সম্পর্কে নিয়মিত আলোচনা করে, চলুন আমরা সবাই মিলে একসাথে আপনার সন্তানের বৃদ্ধি এবং উন্নয়নের উপর নজর রাখি।



# অক্ষমতা সার্টিফিকেট সম্পর্কে

অক্ষমতার কথা বর্ণনাকারী সার্টিফিকেট（অক্ষমতা সার্টিফিকেট）বহন করলে, অক্ষমতার ধরন এবং মাত্রার উপর নির্ভর করে, বিভিন্ন কল্যাণ সেবা（ভাতা ইত্যাদি）গ্রহণ করতে পারবেন। সার্টিফিকেটের প্রয়োজন হলে সরকারী অফিসের মাধ্যমে প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

অক্ষমতার ধরনের উপর নির্ভর করে "পুনর্বাসন সার্টিফিকেট", "মানসিক অক্ষমতা সার্টিফিকেট", "শারীরিক অক্ষমতা সার্টিফিকেট"; এই ৩ ধরনের সার্টিফিকেট রয়েছে।



* সার্টিফিকেট থাকলে, কল্যাণ সেবা প্রাপ্তির প্রক্রিয়াটি সহজ হবে।

* <u>ভাতা ইত্যাদির পরিমাণ অক্ষমতার ধরন এবং মাত্রার উপর নির্ভর করে ভিন্ন হয়ে থাকে।</u>

* <u>যোগ্য ব্যক্তি, সেবার বিষয়বস্তু ইত্যাদি, পৌরসভার উপর নির্ভর করে আংশিক ভিন্ন হয়ে থাকে।</u>

বিস্তারিত জানার জন্য, দয়া করে আপনার বসবাসকারী পৌরসভার কল্যাণের দায়িত্বপ্রাপ্ত ডেস্কে জিজ্ঞাসা করুন।

［উদাহরণ］



- ভাতা গ্রহণ করা যাবে।
- হাসপাতালে পরিশোধ করা অর্থের কিছু অংশ ফেরত পাওয়া যাবে।
- কম কর প্রদান করা যাবে।
- ট্রেন, বাস, বিমানের（ঘরোয়া ফ্লাইট）ভাড়া কম হবে।
- টোল রোডের ফি কম হবে।

• এছাড়াও বিভিন্ন ধরনের সেবা রয়েছে।

## পুনর্বাসন সার্টিফিকেট

### যোগ্য ব্যক্তি



- মানসিক প্রতিবন্ধী
- উন্নয়নমূলক ব্যাধি এবং মানসিক ব্যাধি আছে যে সকল ব্যক্তিদের

### পদ্ধতি

- শিশু পরামর্শ কেন্দ্রে, অক্ষমতার মাত্রা ইত্যাদি নির্ধারণ করা হবে।

  (১৮ বছর বা তার বেশি বয়সী ব্যক্তির ক্ষেত্রে মানসিক প্রতিবন্ধী পুনর্বাসন পরামর্শ কেন্দ্রে নির্ধারণ করা হবে।)।

### সতর্কতা অবলম্বন করা আবশ্যক বিষয়

মানসিক ব্যাধির মাত্রা, উন্নয়ন অনুযায়ী পরিবর্তির হবার সম্ভাবনা আছে। সেইজন্য, একটি নির্দিষ্ট সময়ে পুনর্বিচার করা হয়। সময়টি আপনার বসবাসকারী পৌরসভা ইত্যাদি অনুযায়ী ভিন্ন হয়ে থাকে।

## মানসিক অক্ষমতা সার্টিফিকেট

### যোগ্য ব্যক্তি

- নিম্নলিখিত মানসিক ব্যাধি রয়েছে এবং জীবনে সহায়তার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তি

  উন্নয়নমূলক ব্যাধি / বিষণ্ণতা / বিষণ্ণতা ইত্যাদির মেজাজ ব্যাধি / সিজোফ্রেনিয়া / মৃগীরোগ / ড্রাগ আসক্তি / উচ্চতর মস্তিষ্কের অস্বাভাবিকতা / অন্যান্য মানসিক ব্যাধি (যেমন স্ট্রেস সম্পর্কিত ব্যাধি ইত্যাদি)

### পদ্ধতি



- পৌরসভার ডেস্কে প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- নিম্নলিখিত ডকুমেন্টগুলোর প্রয়োজন রয়েছে।

  ① ডেস্কের আবেদন ফর্ম

  ② চিকিৎসকের মেডিকেল সার্টিফিকেট (অক্ষমতা পেনশন গ্রহণকারী ব্যক্তির পেনশন গ্রহণের সার্টিফিকেটের কপি হলেও চলবে)

  ③ মূল ব্যক্তির ছবি

### সতর্কতা অবলম্বন করা আবশ্যক বিষয়

প্রতি দুই বছর, নবায়ন করার প্রয়োজন রয়েছে। সেই সময়, সর্বদা চিকিৎসকের মেডিকেল সার্টিফিকেটের প্রয়োজন পড়বে।

# রেফারেন্স তথ্য

হাসপাতাল ও পরামর্শ সংস্থা উপর নির্ভর করে, বিদেশি ভাষা বলতে পারা কর্মী, অনুবাদ অ্যাপ্লিকেশন ব্যবহারকারী স্থানও রয়েছে।

কিছু এলাকায়, পৌরসভা কর্তৃক দোভাষী প্রেরণ করার সেবাও প্রদান করা হয়।

## বিদেশি ভাষায় পরামর্শ সেবা ইত্যাদি



বিদেশীরা ব্যবহার করতে পারেন এমন টেলিফোন পরামর্শ সেবা রয়েছে। উন্নয়নমূলক ব্যাধি সম্পর্কে পরামর্শ করা এটি একটি নিবেদিত পরামর্শ ডেস্ক নয়। তবে, আপনি কিংবা আপনার সন্তানের বলা ভাষায় মেডিকেল পরীক্ষা প্রদানকারী হাসপাতাল বা দোভাষী সম্পর্কে, পরামর্শ প্রদান করা হবে।

### ◆ বিদেশীদের জন্য পোর্টাল সাইট

প্রিফেকচারের ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন কর্তৃক প্রদান করা টেলিফোন পরামর্শ ডেস্কের তালিকা দেখতে পারবেন।

**https://www8.cao.go.jp/teiju-portal/jpn/index.html**

**http://www.moj.go.jp/nyuukokukanri/kouhou/m_nyuukokukanri10_00006.html**

### ◆ AMDA আন্তর্জাতিক মেডিকেল তথ্য কেন্দ্র ফোন পরামর্শ দ্বারা তথ্য সেবা

আপনার মাতৃভাষায় মেডিকেল পরীক্ষা গ্রহণ করতে পারার জন্য চিকিৎসা প্রতিষ্ঠানকে পরিচয় করিয়ে দেওয়া বা মেডিকেল ওয়েলফেয়ার সিস্টেমের নির্দেশনা প্রদান করা হয়। (সহজে বুঝতে সক্ষম জাপানী ভাষার ব্যবস্থা রয়েছে)।

টোকিও অফিস (সোমবার থেকে শুক্রবার ১০:০০ ~১৫:০০)

টেলিফোন নম্বর **০৩-৬২৩৩-৯২৬৬** 03-6233-9266

**https://www.amdamedicalcenter.com/activities**



# অনুবাদ অ্যাপ্লিকেশন

◆ Google অনুবাদ [ডেভেলপার: google, Inc]

অ্যাপ্লিকেশনটি টেক্সট অনুবাদ, ক্যামেরা অনুবাদ, হাতের লেখা অনুবাদ, ভয়েস অনুবাদ করতে পারে।

বিনামূল্যে। ডাউনলোড এবং ব্যবহার করা যায়।

Google Play বা App Store থেকে ডাউনলোড করুন।

◆ একাধিক ভাষার স্পিচ অনুবাদ অ্যাপ্লিকেশন VoiceTra (ভয়েশট্রা)
[ডেভেলপার: NICT (জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউট)]

কথা বললে বিদেশী ভাষায় অনুবাদ করবে এই স্পিচ অনুবাদ অ্যাপ্লিকেশনটি।

৩১ টি ভাষায় অনুবাদ করতে পারে, বিনামূল্যে ডাউনলোড এবং ব্যবহার করা যায়।

http://voicetra.nict.go.jp/en/index.html






# স্কুল শিক্ষা সম্পর্কিত তথ্য

◆ সার্বিক স্কুল শিক্ষা সম্পর্কিত তথ্য সাইট [শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়]

● CLARINET এ আপনাকে স্বাগতম

বিদেশে অবস্থানরত জাপানি শিশু শিক্ষা, দেশ ফেরত / বিদেশি শিশুদের শিক্ষা ইত্যাদি সম্পর্কিত হোম পেজ।

http://www.mext.go.jp/a_menu/shotou/clarinet/003.htm

● কাসুতানেত্ত (CASTA-NET)

বিদেশের সাথে সম্পর্কিত শিশু ও শিক্ষার্থীদের শিক্ষাকে সহায়তা প্রদানকারী একটি তথ্য অনুসন্ধান সাইট।

https://casta-net.mext.go.jp/

● বহুভাষী / স্কুল প্রকল্প

স্কুল এবং বিদেশের সাথে সম্পর্কিত শিশু শিক্ষার্থীদের পরিবারকে সংযুক্তকারী, বহুভাষী ডকুমেন্ট তৈরিতে সহায়তা প্রদানকারী একটি সাইট।

http://www.tagengo-gakko.jp/index.html

# উন্নয়নমূলক ব্যাধির সাথে সম্পর্কিত তথ্য

● উন্নয়নমূলক ব্যাধি সম্পর্কিত তথ্য ও সহায়তা কেন্দ্র

উন্নয়নমূলক ব্যাধির সাথে সম্পর্কিত মৌলিক তথ্য, উন্নয়নমূলক ব্যাধির বৈশিষ্ট্য ও ব্যবস্থা, উন্নয়নমূলক ব্যাধিকে সহায়তা প্রদানকারী পদ্ধতি, জাপানের পদক্ষেপ এবং বিশ্বের গতিধারা সম্পর্কে, সর্বশেষ এবং নির্ভরযোগ্য তথ্য দেখতে পারবেন।

http://www.rehab.go.jp/ddis/

● প্রতিবন্ধী ব্যক্তির শিক্ষা প্রচার কেন্দ্র

উন্নয়নমূলক ব্যাধিযুক্ত শিশুদের সহায়তা / শিক্ষণ পদ্ধতি, উন্নয়নমূলক ব্যাধির সাথে সম্পর্কিত গবেষণা এবং শিক্ষণ উপকরণ, সহায়তা প্রদানকারী সরঞ্জাম দেখতে পারবেন। উপরন্তু, শিক্ষণ কর্মীদের ভিডিও দ্বারা প্রশিক্ষণ বক্তৃতা বা, দেশের নীতি / আইন ইত্যাদিও দেখতে পারবেন।

http://icedd_new.nise.go.jp/

# স্মারকলিপি






[প্রকাশনা]

উন্নয়নমূলক ব্যাধি সম্পর্কিত তথ্য ও সহায়তা কেন্দ্র

প্রতিবন্ধী ব্যক্তিদের জাতীয় পুনর্বাসন কেন্দ্র পরিকল্পনা ও তথ্য বিভাগ

ঠিকানা 〒৩৫৯-৮৫৫৫ ৪-১ নামিকি তোকোরোজাওয়া, সাইতামা প্রিফেকচার

ওয়েবসাইট http://www.rehab.go.jp/ddis/

উন্নয়নমূলক ব্যাধি সম্পর্কিত তথ্য ও সহায়তা কেন্দ্র
প্রতিবন্ধী ব্যক্তিদের জাতীয় পুনর্বাসন কেন্দ্র

[তত্ত্বাবধানে]

তাকাহাশি অছামু (চেয়ারম্যান, টয়োটা সিটি ওয়েলফেয়ার ওয়ার্কিং গ্রুপ)

[সহযোগিতাকারী সংগঠন]

টয়োটা সিটি শিশু উন্নয়ন কেন্দ্র কমিউনিটি হেলথ কাউন্সিলিং রুম

[সম্পাদনা・উৎপাদন]

[উন্নয়নমূলক ব্যাধিযুক্ত শিশুদের সহায়তার জন্য বহুভাষিক পুস্তিকা ইত্যাদি তৈরি করার সাথে সম্পর্কিত ওয়ার্কিং গ্রুপ] (উন্নয়নমূলক ব্যাধির তথ্য বিশ্লেষণ কাউন্সিল)

[প্রকাশনা তারিখ]

জানুয়ারী 2020